
দৈনিক আজকের দেশ
অগ্রসর পাঠকের জাতীয় সংবাদপত্র
রেজিঃ ডিএ-১৬২৯ ৩১তম বর্ষ ১৪৪তম সংখ্যা কিশোরগঞ্জ শনিবার ০১ ফাল্গুন ১৪৩২ বাংলা ২৬ শাবান ১৪৪৭ হিজরী ১৪ ফেব্রুয়ারি ২০২৬ পৃষ্ঠা ০৮ মূল্য ৫ টাকা

## দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রায় এ নির্বাচন গুরুত্বপূর্ণ মাইলফলক : ধর্ম উপদেষ্টা



দেশ ডেস্ক : দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রায় ত্রয়োদশ জাতীয় নির্বাচন একটি গুরুত্বপূর্ণ মাইলফলক বলে জানিয়েছেন ধর্ম উপদেষ্টা অধ্যাপক ড. আ ফ ম খালিদ হোসেন। তিনি বলেন, নানা প্রত্যাশা, রাজনৈতিক বিতর্ক ও চ্যালেঞ্জের মধ্যেও সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন সম্পন্ন হওয়া রাষ্ট্রীয় সক্ষমতার স্বাক্ষর বহন করে। শুক্রবার ১৩ ফেব্রুয়ারি দুপুরে রাজধানীর আসাদগেটে নিউ কলোনি জামে মসজিদের আটতলা ভবনের নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ধর্ম উপদেষ্টা বলেন, নানা প্রত্যাশা ও চ্যালেঞ্জের মধ্যেও নির্বাচন সম্পন্ন হওয়া সরকারের জন্য একটি উল্লেখযোগ্য প্রশাসনিক সাফল্য। নির্বাচন আয়োজন ঘিরে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা ছিল বড় চ্যালেঞ্জ। সংশ্লিষ্ট প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীর সমন্বিত প্রচেষ্টায় ভোটগ্রহণের পরিবেশ শান্তিপূর্ণ রাখা সম্ভব হয়েছে, যা সাধারণ ভোটারদের আস্থা বৃদ্ধি করেছে। তিনি বলেন, ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নির্বাচনকে প্রাণবন্ত করেছে। সব মিলিয়ে ১২ ফেব্রুয়ারির নির্বাচন প্রশাসনিক সমন্বয়, নিরাপত্তা ব্যবস্থা ও সাংগঠনিক দক্ষতার দিক থেকে সরকারের একটি গুরুত্বপূর্ণ অর্জন হিসেবে চিহ্নিত হতে পারে। উপদেষ্টা বলেন, নানা প্রত্যাশা, রাজনৈতিক বিতর্ক ও চ্যালেঞ্জের মধ্যেও নির্বাচন আয়োজন ও সম্পন্ন হওয়া রাষ্ট্রীয় সক্ষমতার একটি ইতিবাচক দিক তুলে ধরে। সাধারণ জনগণের অংশগ্রহণ গণতন্ত্রের প্রাণশক্তিকে দৃঢ় করেছে। ভোটারদের উপস্থিতি ও আগ্রহ প্রমাণ করে, দেশের মানুষ তাদের ভোটাধিকার প্রয়োগে সচেতন ও বেশ আগ্রহী। গণতন্ত্র কেবল একটি ভোটের মধ্যেই সীমাবদ্ধ নয়; বরং এটি আস্থা, স্বচ্ছতা ও জবাবদিহিতার সমন্বিত চর্চা। এ জাতীয় নির্বাচন সেই ধারাবাহিকতাকে আরও শক্তিশালী করেছে।

## ২০ বছর পর সরকারে

(১ম পৃষ্ঠার পর)

মেয়াদের সমাপ্তি ঘটে। এর আগে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান প্রতিষ্ঠিত দলটিকে জনপ্রিয়তার শীর্ষে নিয়ে যান খালেদা জিয়া। দীর্ঘ ৯ বছর স্বৈরাচারবিরোধী আন্দোলনে নেতৃত্ব দিয়ে ১৯৯১ সালের নির্বাচনে জয়ী হয়ে তিনি দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেন।

১৯৯৬ সালেও স্বল্প সময়ের জন্য সরকার গঠন করেছিল বিএনপি। দলীয় সিদ্ধান্ত অনুযায়ী, ক্ষমতায় গেলে তারেক রহমানই হবেন দেশের পরবর্তী প্রধানমন্ত্রী- এ ঘোষণা আগেই দিয়েছিল বিএনপি। এবারই তিনি প্রথমবারের মতো জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেন এবং ঢাকা-১৭ ও বগুড়া-৬-উভয় আসনেই জয়লাভ করেন। দীর্ঘ ১৭ বছরের প্রবাসজীবন শেষে গত বছরের ২৫ নভেম্বর দেশে ফেরেন তারেক রহমান।

২৭ নভেম্বর তিনি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হন। দলীয় সূত্র অনুযায়ী, আশির দশকে এরশাদ বিরোধী আন্দোলনের সময় থেকেই তিনি রাজনীতিতে সক্রিয়। ১৯৮৮ সালে বগুড়ার গাবতলী উপজেলা বিএনপির সদস্য হিসেবে তার আনুষ্ঠানিক রাজনৈতিক যাত্রা শুরু। ২০০২ সালে দলের সিনিয়র যুগ্ম মহাসচিব এবং ২০০৯ সালে সিনিয়র ভাইস চেয়ারম্যান নির্বাচিত হন তিনি।

২০১৮ সালে খালেদা জিয়া কারান্তরীণ হওয়ার পর ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্ব নেন এবং আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে যুগপৎ আন্দোলনে নেতৃত্ব দেন।




## ঈদের উৎসবের মতো নির্বাচনে অংশ নিয়েছেন জনগণ : ইসি সানাউল্লাহ

দেশ ডেস্ক : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঈদের উৎসবের মতো উৎসাহ ও স্বতঃস্ফূর্ততায় জনগণ অংশ নিয়েছেন বলে মন্তব্য করেছেন নির্বাচন কমিশনার (ইসি) সানাউল্লাহ। তিনি বলেন, সব আশঙ্কা, শঙ্কা কাটিয়ে শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন হয়েছে এবং জাতি হিসেবে বাংলাদেশ বিজয়ী হয়েছে। শুক্রবার সকাল ১০টা ৫০ মিনিটে আগারগাঁও নির্বাচন ভবনে আনুষ্ঠানিক ফল ঘোষণার সমাপনী বক্তব্যে তিনি এ কথা বলেন। ইসি সানাউল্লাহ বলেন, ১৩ ফেব্রুয়ারির সকালটি বাংলাদেশের ইতিহাসে একটি শুভ সকাল হিসেবে স্মরণীয় হয়ে থাকবে। গণতান্ত্রিক নবযাত্রায় এ নির্বাচন জাতির জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হয়ে থাকবে। নির্বাচন কমিশনের একটাই কমিটমেন্ট ছিল। সেটি হচ্ছে, নির্মোহভাবে আইন প্রয়োগ করে স্বচ্ছ ও নিরপেক্ষ নির্বাচন উপহার দেওয়া। সেই লক্ষ্যেই শতভাগ চেষ্টা করা হয়েছে। কোনো ত্রুটি-বিচ্যুতি হয়ে থাকলে তা অনিচ্ছাকৃত। এই নির্বাচন শুধু একটি সাংবিধানিক দায়িত্ব ছিল না, বরং একটি পবিত্র আমানত হিসেবে কমিশন তা গ্রহণ করেছিল। দেশবাসীর প্রতিও কৃতজ্ঞতা জানিয়ে তিনি বলেন, জনগণ ঈদ উৎসবের মতো স্বতঃস্ফূর্তভাবে নির্বাচনে অংশগ্রহণ করেছেন। এর ফলে সব আশঙ্কা ও শঙ্কা দূর হয়েছে এবং জাতি হিসেবে বাংলাদেশ বিজয়ী হয়েছে। নির্বাচন প্রক্রিয়ায় যুক্ত দেশি-বিদেশি সাংবাদিক, পর্যবেক্ষক, প্রশাসনের সদস্য, নিরাপত্তার দায়িত্বে থাকা (পৃষ্ঠা ৭ কলাম ৫)

## আগামী ৫ বছরের দায়িত্ব বিএনপিকে দিয়েছে জনগণ : নজরুল ইসলাম

দেশ ডেস্ক : ভোটের মাধ্যমে আগামী ৫ বছরের দায়িত্ব জনগণ বিএনপিকে দিয়েছে বলে মন্তব্য করেছেন দলটির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান। শুক্রবার বেলা ১১টার দিকে আগারগাঁওয়ে নির্বাচন কমিশনের প্রধান কার্যালয়ে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ফলাফল ঘোষণা সমাপ্ত শেষে এক প্রেস ব্রিফিংয়ে এ মন্তব্য করেন তিনি। নজরুল ইসলাম বলেন, আমরা গত রাত থেকেই ফলাফল ঘোষণা শুনছি। আমাদের সঙ্গীরা সারারাত এখানে ছিলেন। এর মধ্য দিয়ে জেনেছি দুই তৃতীয়াংশেরও বেশি আসনে বিএনপি বিজয়ী হয়েছে। বিএনপির সঙ্গে জোটে যারা যুক্ত ছিলেন তাদেরও অনেকেই বিজয়ী হয়েছেন। কাজেই আমরা মনে করি এর মাধ্যমে আগামী পাঁচ বছর বাংলাদেশের কল্যাণের দায়িত্ব জনগণ বিএনপি এবং বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের ওপর অর্পণ করেছেন। নির্বাচনী পরিবেশে শতভাগ সন্তুষ্ট কিনা জানতে চাইলে তিনি বলেন, আগের অনেক নির্বাচনে বহু প্রাণহানি বা ক্ষতিগ্রস্ত হয়েছে। রাষ্ট্রীয় সম্পদেরও ক্ষতি হয়েছে অনেক। এবার আল্লাহর মেহেরবানিতে তেমন কিছু হয়নি। এটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। তবে দীর্ঘদিন ভোট না দিতে দিতে ভোট না দেওয়ার যে একটা সংস্কৃতি আমাদের জনগণের মধ্যে গড়ে উঠেছিল, সেটা পুরোপুরি আমরা ফিরিয়ে আনতে (পৃষ্ঠা ৭ কলাম ৫)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(সাধারণ শাখা)
কিশোরগঞ্জ
www.kishoreganj.gov.bd

স্মারক নং: ০৫.১২.৪৮০০.০১১.০৯.০৮.২৬৫৯

তারিখ: ২৭ মাঘ ১৪৩২ / ১০ ফেব্রুয়ারি ২০২৬

### সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' এর আলোকে কিশোরগঞ্জ জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা | শূন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা (........ওয়ার্ড নং) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | হোসেনপুর | জিনারী | জিনারী, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ২ | | | চরহাজিপুর, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৩ | | সিদলা | সিদলা, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৪ | | গোবিন্দপুর | গোবিন্দপুর, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৫ | | আড়াইবাড়ীয়া | ধনকুড়া, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৬ | | | জামাইল, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৭ | | শাহেদল | শাহেদল, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৮ | | | কুড়িমারা, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৯ | কিশোরগঞ্জ সদর | লতিবাবাদ | মুকসেদপুর, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ১০ | | রশিদাবাদ | ভাটগাঁও, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ১১ | | | রশিদাবাদ, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ১২ | | মাইজখাপন | সুন্দিরবন, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ১৩ | | মহিনন্দ | ভাস্করখিলা, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ১৪ | | | কলাপাড়া, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ১৫ | | বৌলাই | কাঠালিয়া, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ১৬ | | | পাটধা, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ১৭ | | যশোদল | যশোদল, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ১৮ | | | নধার, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ১৯ | | কর্শাকড়িয়াইল | চিকনীরচর, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ২০ | | | সেহড়া, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ২১ | | দানাপাটুলী | দানাপাটুলী, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ২২ | | চৌদ্দশত | দরবারপুর, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |

(বাকী অংশ ৬ষ্ঠ পৃষ্ঠায় দেখুন)

### হারিয়েছে

মোহাম্মদ খলিলুর রহমান, পিতা-মোহাম্মদ সিরাজ উদ্দিন-এর এসএসসি (বিজ্ঞান) রোল নান্দাইল বিউন-৬৩০৮২/১৯৯২ইং, রেজি.নং-১৪৫২৯৯/৮৯ এবং এইচএসসি (বিজ্ঞান) রোল নান্দাইল নং-১২৬৭৯২/১৯৯৪ইং, রেজি.নং-০৫৪৯৭৮/১৯৯১ ঢাকা বোর্ড-এর মূল নম্বরপত্র হারিয়েছে। কিশোরগঞ্জ মডেল থানার জিডি নং-২০৮৮, তারিখ-৩১/০৮/২০২১৬ইং।
মোহাম্মদ খলিলুর রহমান
দেশ-৪৫/২৬

সম্পাদক : কাজী শাহীন খান, সম্পাদক মণ্ডলীর সভাপতি এ.এম.কে. শামীম খান, কাজী শাহীন খান কর্তৃক শাহীন প্রিন্টার্স আখড়া বাজার, কিশোরগঞ্জ থেকে প্রকাশিত। ফোন : ০৯৪১-৬১৬১৬। Email: ajkerdesh@gmail.com

## নির্বাচনে বিজয়ী হয়ে

(৫ম পৃষ্ঠার পর)

হিসেবে নির্বাচিত হয়েছেন বিএনপি থেকে বহিষ্কৃত ব্যারিস্টার রুমিন ফারহানা। বিজয়ী নারী প্রার্থীরা হলেন মানিকগঞ্জ-৩ আসনে আফরোজা খান রিতা, ঝালকাঠি-২ আসনে ইসরাত সুলতানা ইলেন ভুট্টো, সিলেট-২ আসনে তাহসিনা রুশদীর লুনা, ফরিদপুর-২ আসনে শামা ওবায়েদ, ফরিদপুর-৩ আসনে নায়াব ইউসুফ কামাল, নাটোর-১ আসনে ফারজানা শারমিন পুতুল এবং ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে ব্যারিস্টার রুমিন ফারহানা। নির্বাচনে নারী প্রার্থীদের এ জয়কে দলটির জন্য ইতিবাচক বার্তা হিসেবে দেখছেন অনেকে।

## ময়মনসিংহ-১ আসনে

(৫ম পৃষ্ঠার পর)

প্রার্থী সালমান ওমর রুবেল পেয়েছেন ১ লাখ ৮ হাজার ২৬৫ ভোট। অপরদিকে সৈয়দ এমরান সালেহ প্রিন্স পেয়েছেন ১ লাখ ১ হাজার ৯২৬ ভোট। ফলাফল ঘোষণার সময় হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলা চত্বরে ধানের শীষের বিপুল-সংখ্যক কর্মী-সমর্থক জড়ো হলে কিছু সময়ের জন্য উত্তেজনা সৃষ্টি হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে র‍্যাব, পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা টহল জোরদার করেন এবং অতিরিক্ত বাহিনী মোতায়েন করা হয়।

ময়মনসিংহের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবদুল্লাহ আল মামুন বলেন, নির্বাচনকে কেন্দ্র করে যেকোনো ধরনের বিশৃঙ্খলা এড়াতে প্রশাসন সর্বোচ্চ সতর্ক ছিল। ফলাফল ঘোষণার সময় কিছু এলাকায় লোকসমাগম বাড়লেও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা হয়েছে।

## রাষ্ট্রযন্ত্র অন্তরায় না হলে

(৩য় পৃষ্ঠার পর)

নির্বাচনে আবারও প্রশাসন ক্যাডারের কর্মকর্তারা প্রমাণ করেছে, রাষ্ট্রযন্ত্র নিরপেক্ষ ভূমিকা পালনে অন্তরায় না হলে প্রশাসন ক্যাডারের সদস্যরা অবাধ, স্বাধীন ও নিরপেক্ষ নির্বাচনে সহায়ক ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এবারের নির্বাচনে সব পর্যায়ের সরকারি কর্মকর্তাদের যে ভূমিকা দেশের মানুষ প্রত্যাশা করেছিল, তারা সম্মিলিতভাবে তা পূরণ করেছে দাবি করে মাঠপর্যায়ের প্রশাসনসহ সর্বস্তরের কর্মকর্তাদের অভিনন্দন জানিয়েছে সংগঠনটি।

## ঈশ্বরগঞ্জ আসনে গণভোটে

(৩য় পৃষ্ঠার পর)

ফলাফল অনুযায়ী, 'হ্যাঁ' এর পক্ষে ভোট পড়েছে এক লাখ ১৪ হাজার ৬০৬। 'না'এর পক্ষে ভোট পড়েছে ৪৬ হাজার ২৮ ভোট। প্রদত্ত মোট ভোটের সংখ্যা এক লাখ ৯২ হাজার ৩২২। গণভোটের বাতিল সংখ্যা ৩১ হাজার ৬৮৮। ফলে ৬৮ হাজার ৫৭৮ ভোটের বিশাল ব্যবধানে ময়মনসিংহের এই আসনে গণভোটে 'হ্যাঁ জয়লাভ করেছে। আসনটিতে গণভোটে ভোট পড়ার হার ৫৫ দশমিক ৬৩ শতাংশ।

## নির্বাচন বাতিল করে

(৩য় পৃষ্ঠার পর)

আলোয় প্রকাশ্যে ভোটকেন্দ্র দখল করে এভাবে সিল মারার ঘটনা ঘটেনি। 'এবার দুপুরের আলোয় প্রকাশ্যে ভোট ডাকাতি হয়েছে। আমরা এ নির্বাচন ঘৃণাভরে প্রত্যাখ্যান করছি। মোর্শেদ আলম আরও অভিযোগ করেন, ভালুকার সাধারণ ভোটারদের সাংবিধানিক ভোটাধিকার হরণ করা হয়েছে এবং নির্বাচনের দিন প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী নিরপেক্ষ ভূমিকা পালনে ব্যর্থ হয়েছে। তিনি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করতে পুনরায় ভোটগ্রহণের দাবি জানান। পাশাপাশি এ ঘটনায় জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে সংশ্লিষ্ট উপজেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির আহ্বান জানান।

(৮ম পৃষ্ঠার পর)

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | | বিন্নাটি | বিন্নাটি, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ২৪ | | | কয়ারখালী, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ২৫ | | মারিয়া | খিলপাড়া, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ২৬ | | | করমুলী, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ২৭ | | পৌরসভা | পৌরসভা, ওয়ার্ড নং- ৬,৮,৯ | |
| ২৮ | পাকুন্দিয়া | এগারসিন্দুর | আংগিয়াদী, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ২৯ | | | বাহাদিয়া, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৩০ | | বুরুদিয়া | পুটিয়া, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৩১ | | | সালুয়াদী, ওয়ার্ড নং- ৭, ৮ | |
| ৩২ | | পাটুয়াভাঙ্গা | কলাদিয়া, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৩৩ | | নারান্দী | পোড়াবাড়িয়া, ওয়ার্ড নং- ১, ২ | |
| ৩৪ | | | নারান্দী, ওয়ার্ড নং- ৬, ৭, ৮ | |
| ৩৫ | | হোসেন্দী | হোসেন্দী -২, ওয়ার্ড নং- ৭, ৯ | |
| ৩৬ | | চন্ডিপাশা | কোদালিয়া, ওয়ার্ড নং- ৭, ৮ | |
| ৩৭ | কটিয়াদী | বনগ্রাম | ভিটিপাড়া, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৩৮ | | সহশ্রাম ধুলদিয়া | রায়খলা, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৩৯ | | | নওবাড়িয়া, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৪০ | | করগাঁও | ভোনা, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৪১ | | মুমুরদিয়া | মুমুরদিয়া, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৪২ | | | বাঘবেড়, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৪৩ | | আচমিতা | বানিয়াগ্রাম, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৪৪ | | মসুয়া | চরআলগী, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৪৫ | | জালালপুর | জালালপুর, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৪৬ | | লোহাজুরী | পূর্বচর, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৪৭ | | | লোহাজুরী, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৪৮ | করিমগঞ্জ | কিরাটন | কিরাটন-১, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৪৯ | | | কিরাটন-২, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৫০ | | বারঘড়িয়া | হাসনপুর, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৫১ | | | বারঘড়িয়া, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৫২ | | দেহুন্দা | দেহুন্দা, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৫৩ | | | সাকুয়া, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৫৪ | | সুতারপাড়া | সাগুলী, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৫৫ | | গুণধর | আশতকা, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৫৬ | | | ভাটিগাংগাটিয়া, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৫৭ | | জাফরাবাদ | জাল্লাবাদ, ওয়ার্ড নং- ৮, ৯ | |
| ৫৮ | | নোয়াবাদ | নোয়াবাদ, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৫৯ | | পৌরসভা | পৌরসভা, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৬০ | তাড়াইল | তালজাঙ্গা | আকুবপুর, ওয়ার্ড নং- ৩, ৪, ৯ | |
| ৬১ | | | শাহবাগ, ওয়ার্ড নং- ৫, ৬, ৮ | |
| ৬২ | | রাউতি | কৌলিগাতি, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৬৩ | | জাওয়ার | চং জাওয়ার, ওয়ার্ড নং- ৪, ৫ | |
| ৬৪ | | দামিহা | গজারিয়া, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৬৫ | | দিগদাইড় | কল্লাভাদেড়া, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৬৬ | ইটনা | রায়টুটী | ধারা, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৬৭ | | চৌগাংগা | কমলভোগ, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৬৮ | | | চন্দ্রপুর, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৬৯ | | বড়িবাড়ি | পাঁচকাহনীয়া, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৭০ | | এলংজুরী | হাতকবিলা, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৭১ | | মৃগা | মৃগা, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৭২ | | | লাইমপাশা, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৭৩ | | | বড়বাড়ী, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৭৪ | | জয়সিদ্ধী | জয়সিদ্ধী, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৭৫ | | | ওয়ারা, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৭৬ | | ধনপুর | চাচুয়া, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৭৭ | মিঠামইন | গোপদিঘী | বগাদিয়া, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৭৮ | | মিঠামইন সদর | মহিষারকান্দি, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৭৯ | | ঢাকী | চারিগ্রাম, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৮০ | | | ঢাকী, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৮১ | | ঘাগড়া | ঘোবাজোড়া, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৮২ | | কেওয়ারজোড় | কেওয়ারজোড়, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৮৩ | | বৈরাটি | যাদবপুর, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৮৪ | নিকলী | সিংপুর | সিংপুর-২, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৮৫ | | দামপাড়া | দামপাড়া-১, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৮৬ | | | দামপাড়া-২, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ৮৭ | | | দামপাড়া-৩, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৮৮ | | কারপাশা | কারপাশা-১, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৮৯ | | | কারপাশা-৩, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৯০ | | নিকলী সদর | নিকলী-১, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৯১ | | গুরুই | গুরুই-৩, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৯২ | | ছাতিরচর | ছাতিরচর-১, ওয়ার্ড নং- ১, ২ ৩ | |
| ৯৩ | | | ছাতিরচর-৩, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৯৪ | অষ্টগ্রাম | পূর্ব অষ্টগ্রাম | ইকরদিয়া, ওয়ার্ড নং-৪, ৮, ৯ | |
| ৯৫ | | কাস্তল | মসজিদজাম, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ৯৬ | | দেওঘর | দেওঘর, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ৯৭ | বাজিতপুর | পৌরসভা | পৌরসভা, ওয়ার্ড নং- ১, ২, ৪ | |
| ৯৮ | | হালিমপুর | নগরভান্ডা, ওয়ার্ড নং- ৩, ৪, ৬ | |
| ৯৯ | | গাজিরচর | গাজিরচর, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ১০০ | | | ঘাগটিয়া, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ১০১ | | দিলালপুর | নোয়াপাড়া, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ১০২ | | | বাহেরনগর, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |

(বাকী অংশ ৭ম পৃষ্ঠায় দেখুন)

## চতুর্থবারের মতো সরকার

(১ম পৃষ্ঠার পর)

চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণ করেন এবং আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে যুগপৎ আন্দোলনে নেতৃত্ব দেন। উল্লেখ্য, গত ৩০ ডিসেম্বর বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া মৃত্যুবরণ করেন। এরপর ৯ জানুয়ারি দলের স্থায়ী কমিটি তারেক রহমানকে চেয়ারম্যান হিসেবে আনুষ্ঠানিক স্বীকৃতি দেয়।

## ত্রয়োদশ সংসদ নির্বাচনে

(১ম পৃষ্ঠার পর)

নির্বাচনে অংশ নেয়। অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে রয়েছে বিএনপি, জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), ইসলামী আন্দোলন বাংলাদেশ ও জাতীয় পার্টি। দীর্ঘদিন পর শঙ্কামুক্ত পরিবেশে ভোটদানের প্রত্যাশায় গ্রাম-গঞ্জে যান লাখো তরুণ, যুবক ও প্রবীণ ভোটার। সংশ্লিষ্টরা বলছেন, ২০১৪ সালের একতরফা নির্বাচন, ২০১৮ সালের রাতের ভোট এবং ২০২৪ সালের আমি-ডামি নির্বাচনের পর দেশের নির্বাচন ব্যবস্থা নিয়ে যে প্রশ্ন তৈরি হয়েছিল, এবারের নির্বাচন তা কাটিয়ে ওঠার সুযোগ তৈরি করেছে। ভোটারদের একটি বড় অংশের অভিযোগ ছিল, তারা পূর্ববর্তী নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারেননি। তাদের মতে, এবারের নির্বাচন শান্তিপূর্ণ ও গ্রহণযোগ্য হলে তা হবে গণতন্ত্র উত্তরণের প্রথম ধাপ। পাশাপাশি গণভোটে হ্যাঁ ভোট জয়ী হলে সংবিধানের মৌলিক সংস্কার বাস্তবায়নের পথও সুগম হবে। গত ১১ ডিসেম্বর ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের তফসিল ঘোষণার মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে নির্বাচনি প্রক্রিয়া শুরু হয়। এবারের নির্বাচনে ১২ কোটি ৭৬ লাখ ৯৫ হাজার ১৮৫ জন ভোটারের মধ্যে প্রায় ৪ কোটি তরুণ প্রথমবারের মতো ভোটাধিকার প্রয়োগের সুযোগ পান। প্রথমবারের মতো পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দেন প্রবাসী বাংলাদেশিরা। একই ব্যবস্থায় ভোট দেন নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা ও বন্দিরাও। শেরপুর-৩ আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী মোহাম্মদ নুরুজ্জামান বাদলের মৃত্যুর কারণে সেখানে ভোট স্থগিত থাকায় ২৯৯টি আসনে মোট ২ হাজার ২৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। এর মধ্যে বিভিন্ন রাজনৈতিক দলের ১ হাজার ৭৫৫ জন এবং স্বতন্ত্র প্রার্থী ছিলেন ২৭৩ জন। নারী প্রার্থীর সংখ্যা ছিল ৮৩ জন, যার মধ্যে ৬৩ জন বিভিন্ন রাজনৈতিক দলের মনোনীত। পুরো নির্বাচন জুড়ে নজরদারিতে ছিল নির্বাচন কমিশন। দেশব্যাপী প্রায় এক হাজার ড্রোন উড়িয়ে পর্যবেক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়।

## তারেক রহমানকে ভারত

(১ম পৃষ্ঠার পর)

জন্য উন্মুখ। পাক প্রেসিডেন্ট আরও বলেছেন, আমি আশা করি ঢাকার নতুন রাজনৈতিক পরিবেশ এই অঞ্চলজুড়ে আরও সামঞ্জস্যপূর্ণ, স্বাধীন এবং পারস্পরিক শ্রদ্ধাশীল সম্পৃক্ততা বৃদ্ধিতে অবদান রাখবে। এর আগে এই নির্বাচনে ঐতিহাসিক বিজয়ের জন্য বিএনপি ও তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়েছে ঢাকার মার্কিন দূতাবাস। শুক্রবার সকাল ৭ টা ৪৮ মিনিটে দূতাবাসে ফেসবুক পেজে এক পোস্টে এ শুভেচ্ছা জানানো হয়। জাতীয় সংসদ নির্বাচন শান্তিপূর্ণ ও সফলভাবে সম্পন্ন হওয়ায় দেশটির জনগণকে অভিনন্দন জানিয়েছে ঢাকাস্থ চীনা দূতাবাস। একই সঙ্গে নির্বাচনে অগ্রণী অবস্থান নেওয়ায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপিকেও শুভেচ্ছা জানানো হয় দূতাবাসের অফিশিয়াল ফেসবুক পেজে। ফেসবুক বার্তায় দূতাবাস জানায়, আমরা বাংলাদেশের নতুন সরকারের সঙ্গে একসাথে কাজ করার এবং চীন-বাংলাদেশ সম্পর্কের নতুন অধ্যায় লেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি। জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি এবং দলটির চেয়ারম্যান তারেক রহমান বিজয়ী হওয়ায় অভিনন্দন জানিয়েছেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম। শুক্রবার তার ভেরিফায়েড ফেসবুক পেজের মাধ্যমে এ অভিনন্দন জানান তিনি। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী বলেন, ব্যতিক্রমী চ্যালেঞ্জের মধ্য দিয়ে যাদের জীবন কেটেছে, তারা স্পষ্টভাবে তাদের ভোটের মাধ্যমে নিজেদের ইচ্ছা প্রকাশ করেছেন।

(৬ষ্ঠ পৃষ্ঠার পর)

| | | | | |
|---|---|---|---|---|
| ১০৩ | | বালিয়ার্দী | শিমুলতলা, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ১০৪ | | দিঘীরপাড় | সাতানী, ওয়ার্ড নং- ৫, ৮, ৯ | |
| ১০৫ | | কৈলাগ | পিউরী, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ১০৬ | | | কুকরারাই, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ১০৭ | | মাইজচর | মাইজচর, ওয়ার্ড নং- ৪, ৫, ৬ | |
| ১০৮ | | | আয়নারগোপ, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |
| ১০৯ | কুলিয়ারচর | উছমানপুর | নাজিরদিঘী, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ১১০ | | ছয়সূতী | নন্দরামপুর, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ১১১ | | ফরিদপুর | আলালপুর, ওয়ার্ড নং- ৭, ৮, ৯ | |
| ১১২ | | | নলবাইদ, ওয়ার্ড নং- ১, ২, ৩ | |

**শর্তাবলী :**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' এর 'পরিশিষ্ট-১' মোতাবেক আবেদনকারীকে নির্ধারিত ছকে আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজ-পত্র জমা দিতে হবে:

১. জাতীয় পরিচয়পত্র এবং স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
২. সাম্প্রতিক তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে দাখিল করতে হবে;
৩. হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৪. দোকান ও গুদামের (৫০ মে. টন ধারণক্ষমতা) পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি দাখিল করতে হবে;
৫. ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ দাখিল করতে হবে;
৬. হালনাগাদ আয়কর রিটার্ন সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৭. আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা প্রদান করত হবে;
৮. আবেদনকারীর কৃষি উপকরণ সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে;
৯. আবেদনকারীকে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, কিশোরগঞ্জ বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে;
১০. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, কিশোরগঞ্জ বরাবর জমা দিতে হবে;
১১. বিজ্ঞপ্তিতে উল্লিখিত যোগ্যতাসমূহের প্রমাণক।

**(গ) যোগ্যতা :**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/উপজেলা/পৌরসভার বাসিন্দা হতে হবে;
২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;
৩. নির্বাচিত ডিলারদের ক্ষেত্রে নির্ধারিত কার্য এলাকায় ১০ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন ২টি বিক্রয় কেন্দ্র থাকতে হবে:
৪. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
৫. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে।

**(ঘ) অযোগ্যতা :**

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২. কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;
৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞার্থ দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে;

**(ঙ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান :**

১. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৫.০৩.২০২৬খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;
২. আবেদনপত্র উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, কিশোরগঞ্জ এর দপ্তরে সরাসরি জমা করতে হবে। অন্য কোনো মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না;
৩. কোনো কারন দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(চ) ডিলার নির্বাচিত হওয়ার পূর্বে অথবা পরে কোনো ডিলার কর্তৃক দাখিলকৃত তথ্য অসত্য/ভুল/জাল প্রমাণিত হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ডিলারের ডিলারশিপ বাতিল করতে পারবে।

(ছ) ডিলার নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০/০২/২৬

(মোহাম্মদ আসলাম মোল্লা)
জেলা প্রশাসক
কিশোরগঞ্জ
ফোন: ০২৯৯৭৭৬১৪৯৩
e-mail: dckishoreganj@mopa.gov.bd

দেশ-৪৪/২৬(৩৫''X৪)

## গণভোটের ৬০.২৬ শতাংশ

(১ম পৃষ্ঠার পর)

নির্দেশনায় ফলাফল প্রকাশ করা হয়নি। সেখানে গণভোটের ওপরে কোনো কিছু বলা নেই। সেজন্য এ শতাংশ বেড়েছে।

## কিশোরগঞ্জের ছয়টি সংসদীয়

(১ম পৃষ্ঠার পর)

গণভোটে হ্যাঁ ভোট পেয়েছে ১ লাখ ৭৩ হাজার ৩৭৭ ও না ভোট ৬৮ হাজার ৬৪৪।

কিশোরগঞ্জ-৩ (করিমগঞ্জ-তাড়াইল) আসনে নির্বাচিত হয়েছেন বিএনপির ডক্টর এম ওসমান ফারুক। তার প্রাপ্ত ১ লক্ষ ১২ হাজার ৪৬৬ ভোট। নিকটতম প্রতিদ্বন্দ্বী জামায়াতে ইসলামীর কর্নেল (অব.) ডাক্তার জেহাদ খান পেয়েছেন ১ লাখ ২হাজার ৪৭৬-ভোট। এ আসনের ১৫২ কেন্দ্রে হ্যাঁ ভোট পেয়েছে ১ লাখ ৪৩ হাজার ৫৭১ ও না ভোট ৬১ হাজার ৩৯৩।

কিশোরগঞ্জ-৪ (ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম) আসনে নির্বাচিত হয়েছেন বিএনপির বীর মুক্তিযোদ্ধা এডভোকেট ফজলুর রহমান। তার প্রাপ্ত ভোট ১ লক্ষ ৩২ হাজার ৪৭২ ভোট। নিকটতম প্রতিদ্বন্দ্বী জামায়াতে ইসলামীর এডভোকেট শেখ রোকন রেজা পেয়েছেন ৫৭ হাজার ৮২৯ ভোট। এ আসনের ১৫১ কেন্দ্রে গণভোটে হ্যাঁ ভোট পেয়েছে ৯৯ হাজার ২৬৬ ও না ভোট ।

কিশোরগঞ্জ-৫ (বাজিতপুর-নিকলী) আসনে নির্বাচিত হয়েছেন স্বতন্ত্র প্রার্থী শেখ মজিবুর রহমান ইকবাল। তার প্রাপ্ত ৭৯ হাজার ৬০৪ ভোট। নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির সৈয়দ এহসানুল হুদা পেয়েছেন ৬৬ হাজার ৪৫০ ভোট। এ আসনের ১২০ কেন্দ্রে গণভোটে হ্যাঁ ভোট পেয়েছে ১ লাখ ৩৪ হাজার ৪৬৭ ও না ভোট ৭০০০২।

কিশোরগঞ্জ-৬ (ভৈরব-কুলিয়ারচর) আসনে নির্বাচিত হয়েছেন বিএনপির শরীফুল আলম। তার প্রাপ্ত ভোট ১. লক্ষ ৮৭ হাজার ১৫৯ ভোট। নিকটতম প্রতিদ্বন্দ্বী বাংলাদেশ খেলাফত মজলিসের আতাউল্লাহ আমীন পেয়েছেন ৪৪ হাজার ৯৫ ভোট। এ আসনের ১৪৩ কেন্দ্রে গণভোটে হ্যাঁ ভোট পেয়েছে ১ লাখ ৫৭ হাজার ৬৮৩ ও না ভোট ৬০০০২।

## জুলাই সনদের অঙ্গীকার

(১ম পৃষ্ঠার পর)

নিপীড়নমূলক শাসন, বিরোধী দলকে ফাংশন করতে না দেওয়া এবং নির্বাচন করতে না দেওয়ার ফলে আজকে এটা হয়েছে। বাংলাদেশের মানুষ জামায়াতকে এরইমধ্যে প্রত্যাখ্যান করেছে উল্লেখ করে বিএনপি মহাসচিব বলেন, বিএনপি দুই-তৃতীয়াংশ আসন পেয়েছে। জনগণ তাদের আবারো সুষ্ঠু, সৎ এবং কল্যাণমূলক রাজনীতির মধ্যে দিয়ে সমস্ত অপপ্রবণতাগুলোকে রুখে দিতে সক্ষম হবে। তিনি বলেন, বিএনপি সবসময় দেওয়া কথায় অটল থাকে।

## ঈদের উৎসবের মতো

(শেষ পৃষ্ঠার পর)

ব্যক্তিরা, বিএনসিসির শিক্ষক-শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সবার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা। সমাপনী বক্তব্যে তিনি আরও বলেন, বাংলাদেশের গণতন্ত্র যেন কখনোই নির্ধারিত রেলপথ থেকে বিচ্যুত না হয় এবং ভবিষ্যতে আরও ভালো নির্বাচনের দৃষ্টান্ত স্থাপনের প্রত্যাশাও জানান তিনি।

## আগামী ৫ বছরের দায়িত্ব

(শেষ পৃষ্ঠার পর)

পারিনি। আমরা আশা করি যে আগামীতে আমরা জনগণকে ভোটের প্রতি আরও আগ্রহী করতে পারবো। যেন সব মানুষই ভোটকেন্দ্রে আসে এবং রাষ্ট্র পরিচালনার দায়িত্ব দেওয়ার ব্যাপারে নিজেদের অধিকার প্রয়োগ করে। আপিল বিভাগের আদেশের কারণে চট্টগ্রামের দুটি আসনের ফলাফল না ঘোষণার প্রসঙ্গে বিএনপির এই নেতা বলেন, আদালত এ ব্যাপারে যখন সিদ্ধান্ত দেবেন, তখন এই ফলাফল আনুষ্ঠানিক-ভাবে ঘোষণা করবে নির্বাচন কমিশন।

CS CamScanner

# পরিশিষ্ট-১

ছবি

## সার ডিলারশিপের জন্য আবেদন ফরম

---

১. ডিলার ইউনিটের তথ্য

- **ডিলার ইউনিটের নাম:**
- **কার্য এলাকা (ইউপি ওয়ার্ড/পৌরসভা/সিটি কর্পোরেশনের নির্দিষ্ট এলাকা):** ………………………………………………………………………………………………… …………………………….

---

২. আবেদনকারীর ব্যক্তিগত তথ্য

১. **আবেদনকারীর নাম:** ………………………………………………………………………………………………

২. **পিতার/স্বামীর নাম:** ………………………………………………………………………………………………..

৩. **মাতার নাম:** ………………………………………………………………………………………………

৪. **জন্ম তারিখ:** ……………………… **বয়স:** ………… বছর

৫. **জাতীয় পরিচয়পত্র নম্বর:** ……………………………………………………………………

৬. **স্থায়ী ঠিকানা:**
গ্রাম/মহল্লা: ……………………………….. ইউনিয়ন/ওয়ার্ড: ……………………………….
থানা/উপজেলা: ………………………….. জেলা: …………………………………

৭. **বর্তমান ঠিকানা:**
গ্রাম/মহল্লা: ……………………………….. ইউনিয়ন/ওয়ার্ড: ……………………………….
থানা/উপজেলা: ………………………….. জেলা: …………………………………

৮. **মোবাইল ফোন নম্বর:** ………………………… **ই-মেইল এড্রেস:** ……………………………

৯. **ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন):** ………………………………………………………………………………………………

---

## ৩. ব্যবসায়িক তথ্য

১. **বিক্রয়কেন্দ্রের ঠিকানা:**
…………………………………………………………………………………………

২. **গুদামের ঠিকানা:**
…………………………………………………………………………………………

৩. **গুদামের ধারণক্ষমতা:** ………………… মেট্রিক টন (ন্যূনতম ৫০ মেট্রিক টন)

৪. **গুদাম মালিকানা অবস্থা:** ☐ নিজস্ব ☐ ভাড়া

৫. **ট্রেড লাইসেন্স নম্বর (হালনাগাদ):** …………………………… ইস্যুর তারিখ: ………………..

৬. **ব্যাংক স্বচ্ছলতার সনদ (ন্যূনতম ১০ লক্ষ টাকা):** ইস্যুকারী ব্যাংকের নাম:
……………………………………………………………

৭. **কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে সার সংরক্ষণ/বিতরণ/বিপণনের নিবন্ধন নম্বর:**
………………………………… প্রযোজ্য নহে ……………………………………
……………

৮. **আবেদনকারীর আর্থিক স্বচ্ছলতার সংক্ষিপ্ত বর্ণনা:**
…………………………………………………………………………………………
…………………………………………………………………………………………

---

## ৪. অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে)

পূর্বে সার/বীজ/কৃষি উপকরণ ব্যবসার অভিজ্ঞতা: ☐ আছে ☐ নেই
যদি থাকে, বিবরণ ও প্রমাণাদি:
…………………………………………………………………………………………
…………………………………………………………………………………………
…………..

---

## ৫. পরিবারের সদস্যদের তালিকা

| ক্র. নং | নাম | আত্মীয়তার সম্পর্ক | বয়স | পেশা |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |
| ৪ | | | | |
| ৫ | | | | |

**নোট:** পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই-বোন বোঝানো হয়েছে।

---

## ৬. সংযুক্ত কাগজপত্রের তালিকা (যথাযথ ঘরে ✓ চিহ্ন দিন)

| ক্র. নং | কাগজপত্রের নাম | সংযুক্ত | মন্তব্য |
|---|---|---|---|

| ক্র. নং | কাগজপত্রের নাম | সংযুক্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জাতীয় পরিচয়পত্র | ☐ | |
| ২ | স্থানীয় কর্তৃপক্ষ প্রদত্ত নাগরিকত্ব সনদ | ☐ | |
| ৩ | পাসপোর্ট সাইজ ছবি (৪ কপি) | ☐ | |
| ৪ | হালনাগাদ ট্রেড লাইসেন্স | ☐ | |
| ৫ | দোকান/গুদামের মালিকানা/ভাড়ার চুক্তিনামা | ☐ | |
| ৬ | ব্যাংক স্বচ্ছলতার সনদ | ☐ | |
| ৭ | হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ | ☐ | |
| ৮ | পূর্ব অভিজ্ঞতার প্রমাণ (যদি থাকে) | ☐ | |
| ৯ | আবেদন ফি (২০০০ টাকা) পোস্টাল/পে-অর্ডার/ডিডি | ☐ | |
| ১০ | আর্নেস্টমানি বাবদ ১০,০০০ টাকা পে-অর্ডার/ডিডি | ☐ | |

---

## ৭. ঘোষণাপত্র

আমি এই মর্মে ঘোষণা করছি যে, উপরে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। কোনো তথ্য ভুয়া/জাল প্রমাণিত হলে তার দায়ভার আমি গ্রহণ করবো এবং কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত মেনে নেব।

আবেদনকারীর নাম: ……………………………………………………………………..

স্বাক্ষর: …………………………………………… তারিখ: ……………………………..

---

## ৮. শুধুমাত্র দাপ্তরিক ব্যবহারের জন্য

(অফিস কর্তৃক পূরণীয়)

আবেদন গ্রহণের তারিখ: ……………………………. আবেদন নং: ………………………………

আবেদন ও সংযুক্ত কাগজপত্র যাচাই (গ্রহণকালীন) : ☐ সম্পূর্ণ ☐ অসম্পূর্ণ

মন্তব্য:

…………………………………………………………………………………………………………………………………………

………………………………………………..

গ্রহণকারীর নাম ও পদবী: ………………………………………………………………………

স্বাক্ষর ও সীল: …………………………………………………………………….



CamScanner